দৈনিক সংবাদ

তারিখ .. 05 MAR 1993
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৩ ...

## শিক্ষামন্ত্রীর কাছে সিলেট গণদাবি পরিষদের স্মারকলিপি

সিলেট, ৪ঠা মার্চ (জেলা বার্তা পরিবেশক)।– বৃহত্তর সিলেট গণদাবি পরিষদ আজ শি[?]ামন্ত্রী জমিরউদ্দিন সরকারের নিকট একটি স্মারকলিপি দিয়েছে।

শিক্ষামন্ত্রীর সিলেট সফরকালে এই স্মারকলিপি দেয়া হয়। এতে বনবিদ্যালয় অন্যত্র স্থানান্তর না করা, সরকারী উচ্চ মাদ্রাসা পুনরায় চালু, কৃষি, প্রকৌশল ও শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় প্রতিষ্ঠা, শূন্য শিক্ষক পদ পূরণ, শিক্ষা প্রতিষ্ঠানসমূহের নতুন ভবন নির্মাণ ইত্যাদি দাবি জানানো হয়েছে।

স্মারকলিপি পেশকালে বৃহত্তর সিলেট গণদাবি পরিষদের সভাপতি আলহাজ মবশ্বির আলী ও সাধারণ সম্পাদক আশরফ আলীসহ অন্যান্য নেতা উপস্থিত ছিলেন।